



'সমানো মন্ত্র: সমিতি: সমানী'

UNIVERSITY OF NORTH BENGAL
B.A. Honours 2nd Semester Examination, 2023

GE1-P2-BENGALI
OLD SYLLABUS

Time Allotted: 2 Hours

Full Marks: 60

The figures in the margin indicate full marks.

বিভাগ-ক

- ১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৩×৪ = ১২
- (ক) অর্থালঙ্কার কাকে বলে? উদাহরণ দাও।
- (খ) উদাহরণসহ সংজ্ঞা দাও — শ্লেষ অলংকার।
- (গ) অক্ষর কাকে বলে? অক্ষর ও দলের পার্থক্য নির্দেশ করো।
- (ঘ) প্রবাদের সংজ্ঞা ও উদাহরণ দাও।
- (ঙ) অতি সংক্ষেপে ভাওয়াইয়ার বৈশিষ্ট্য লেখো।
- (চ) ঝুমুর কোন্ অঞ্চলের গান? উদাহরণ দাও।

বিভাগ-খ

- ২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৬×৪ = ২৪
- (ক) মাত্রাবৃত্ত ছন্দের সাধারণ বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে লেখো।
- (খ) শ্রেণী বিভাজনসহ উপমা অলংকারের পরিচয় দাও।
- (গ) আলকাপ, খন, চোর-চুম্বী এগুলো কি? সংক্ষিপ্ত পরিচয় দাও।
- (ঘ) উদাহরণসহ সংজ্ঞা দাও: পদ, পংক্তি, চরণ।
- (ঙ) কবিগান সম্পর্কে রবীন্দ্রনাথ ঠাকুরের মন্তব্য আলোচনা করো।
- (চ) ছন্দোলিপি প্রস্তুত করো:
- (i) এ কথা জানিতে তুমি ভারত ঈশ্বর শাজাহান,
কালস্রোতে ভেসে যায় জীবন-যৌবন ধনমান।
- (ii) বাঁশ বাগানের মাথার উপর চাঁদ উঠেছে ঐ,
মাগো আমার শোলোক বলা কাজলা দিদি কই?

বিভাগ-গ

৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও:

১২×২ = ২৪

- (ক) স্বরবৃত্ত ছন্দ কাকে বলে? এই রীতির ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।
- (খ) লোকশিল্প বলতে কী বোঝো? তোমার পাঠ্য যে-কোনো দুটি লোকশিল্পের সংক্ষিপ্ত পরিচয় দাও।
- (গ) যে সকল ছড়াগুলি রবীন্দ্রনাথের শিশুমনটিকে প্রভাবিত করেছিল, রবীন্দ্রনাথের 'লোকসাহিত্য' অবলম্বনে তার পরিচয় দাও।
- (ঘ) অলংকার নির্ণয় করো:
- (i) অতিবড় বৃদ্ধ পতি সিদ্ধিতে নিপুণ।
কোন গুণ নাই তার কপালে আগুন।।
- (ii) বন থেকে এলো এক টিয়ে মনোহর।
সোনার টোপর শোভে মাথার উপর।।
- (iii) সাধবী জননীর দৃষ্টি
সমুদ্যত বাজ।
- (iv) কেতকী কেশরে কেশপাশ করো সুরভি।

—x—